

শিক্ষকদের অবস্থান কর্মসূচিতে সরকারের সাড়া নেই

যায়দি রিপোর্ট

সরকারের পক্ষ থেকে সাদা না পাওয়ায় তৃতীয় দিনও চলছে শিক্ষকদের অবস্থান কর্মসূচি। নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের এমপিওভুক্তির দাবিতে 'নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্যজোট' বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী পরিষদ' এবং 'নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্যজোট'-এর যানারে শিক্ষকরা এই কর্মসূচি পালন করছেন। সরকারের পক্ষ থেকে এখনো কোনো ইতিবাচক সাদা না পাওয়ায় তারা তৃতীয় দিনেও তাদের পূর্বঘোষিত লাগাতার কর্মসূচি পালন করছেন। কর্মসূচিতে অংশ নেয়া কয়েকজন শিক্ষকের সঙ্গে কথা বললে তারা জানান, শিক্ষাদানের মতো মহান পেশায় নিয়োজিত থেকেও তারা আর্থ ভাত-কাপড়ের নিকমতটুকু পাচ্ছেন না। সরকার তাদের দাবি মেনে না নেয়া পর্যন্ত তারা যবে ফিরে যাবেন না বলেও জানিয়েছেন। বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী সমন্বয় পরিষদের মহাসচিব অধ্যক্ষ সাদিন আহমেদ বলেন, আমরা সরকারের

পক্ষ থেকে এখনো কোনো আশ্বাস না পাওয়ায় আমাদের কর্মসূচি অব্যাহত রেবেছি। নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মো. আবু জাফর বলেন, এখন পর্যন্ত সরকারের পক্ষ থেকে আমাদের সঙ্গে কোনো আলোচনা হয়নি। তবে আমরা সরকারের সঙ্গে যোগাযোগের চেষ্টা করছি। দাবি না মানা পর্যন্ত কর্মসূচি অব্যাহত থাকবে। যোববার সকাল থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে শুরু হওয়া এই অবস্থান কর্মসূচিতে দেশের বিভিন্ন স্থান থেকে আসা শিক্ষকরা অংশ নেন।

সারাদেশে ৭ হাজারের
মতো শিক্ষাপ্রতিষ্ঠান এখনো
এমপিওভুক্ত হয়নি

প্রসঙ্গত, সারাদেশে ৭ হাজারের মতো শিক্ষাপ্রতিষ্ঠান এখনো এমপিওভুক্ত হয়নি। এসব শিক্ষাপ্রতিষ্ঠানে ১ লাখ ১৫ হাজারের মতো শিক্ষক-কর্মচারী রয়েছেন। বেসরকারি এসব শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির জন্য গত কয়েক দিন ধরেই বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে সংবাদ সন্ধানন করে সরকারের কাছে দাবি জানানোর পাশ্বে সরকারের পক্ষ থেকে কোনো ইতিবাচক সাদা না পাওয়ায় শিক্ষকরা এই কর্মসূচি পালন করছেন।



নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক কর্মচারী ঐক্য পরিষদ বিভিন্ন দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে মক্কেলবাগ ও লাগাতার অবস্থান কর্মসূচি পালন করে